

# ফেভমিন

শান্তকারক ও জ্বর নিবারক

## বিবরণ :

ফেভমিন সিরাপ শান্তকারক, জ্বর, হাম, বসন্ত, দীর্ঘমেয়াদী জ্বর বা টাইফয়েড জ্বর নাশক। ফেভমিন সিরাপ খাকসী, ওন্নাব, মৌরি ও গাওজবান এর সুষম সমন্বয়ে তৈরী জ্বর-নাশক। ফেভমিন সিরাপ এর সক্রিয় উপাদান খাকসী বা বনসরিষার সক্রিয় এ্যালকালয়েড সিনিগ্রিন টাইফয়েড ও প্যারা-টাইফয়েডের জীবাণু সালমোনেলা টাইফি ও সালমোনেলা প্যারাটাইফির বিরুদ্ধে কার্যকর এবং জ্বর-নাশক হিসেবে কাজ করে। এছাড়া ওন্নাব এর সক্রিয় এ্যালকালয়েড জিজাইফিক এসিড শান্তকারক, জ্বর ও ইনফ্লুয়েঞ্জা নাশক, কফনিঃসারক এবং পিত্ত প্রশমক হিসেবে কাজ করে। ইহা রোগ সৃষ্টিকারী ভাইরাস ও ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কাজ করে। ফেভমিন সিরাপ মূত্রকারক, প্রদাহনাশক, লিভার ও পাকস্থলীর শক্তিবর্ধক। ফেভমিন সিরাপ শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়।

## উপাদান : প্রতি ৫ মিলি এ আছে

খাকসী	২৫০ মিগ্রা
ওন্নাব	২৫০ মিগ্রা
মৌরি	২৫০ মিগ্রা
গাওজবান	১৫০ মিগ্রা

এবং অন্যান্য উপাদান

(সূত্র : শরবত খাকসী, বা. জা.ই.ফ) ইউনানী ঔষধ

রোগ নির্দেশ : জ্বর হাম বসন্ত মেয়াদী জ্বর বা টাইফয়েড নিবারক ।

সেবন বিধি : প্রাপ্ত বয়স্ক : ২-৪ চা চামচ (১০-২০ মি:লি:) করে দিনে ২-৩ বার অপ্রাপ্ত বয়স্ক (৭-১২ বছর) : ১ চা চামচ করে দিনে ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য ।

প্রতিনির্দেশ : কোন প্রতিনির্দেশ নেই ।

পার্শ্ব প্রতিক্রিয়া : নির্ধারিত মাত্রায় সেবনে কোন পার্শ্ব ঋবাসরহ প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি ।

সতর্কতা : শিশুদের নাগালের বাইরে রাখুন

সংরক্ষণ : আলো ও আর্দ্রতা থেকে দূরে, শুষ্ক ও ঠান্ডা স্থানে রাখুন ।



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ

গাজীপুর-বাংলাদেশ